হাউসিং স্কটল্যান্ড অ্যাক্ট 2006 (Housing Scotland Act 2006)-এর সেকশন 22(1)-এর অন্তর্গত prhp তে আবেদন করার জন্য পথনির্দেশ

আপনার বাড়িওলা মেরামতির মাপকাঠি পূরণ করতে ব্যর্থ হয়েছে কি না তা স্থির করার জন্য হাউসিং স্কটল্যান্ড অ্যাক্ট 2006 [Housing (Scotland) Act 2006]-এর সেকশন 22(1)-এর অন্তর্গত **prhp** তে আবেদন **অবশ্যই** লিখিতভাবে করতে হবে। **prhp** আবেদন পত্রে **(prhp1)** নির্দেশ দেওয়া থাকবে কোন কোন তথ্য আপনাকে দিতে হবে। যদি প্রাইভেট রেন্টেড হাউসিং প্যানেল (আবেদন এবং নির্ধারণ) (স্কটল্যান্ড) নিয়মন 2007 [Private Rented Housing Panel (Applications and Determinations) (Scotland) Regulations 2007]-এর অনুচ্ছেদ 3 অনুসারে প্রয়োজনীয় সমস্ত তথ্য আপনি না দেন তাহলে আমরা আপনার আবেদনের বিচার বিবেচনা করতে পারব না।

আপনার আবেদন ইংরেজীতে করতে হবে বা এর সাথে প্রমাণীকৃত অনুবাদ থাকতে হবে।

ফর্মটি কালো কালিতে এবং বড় ও স্পষ্ট অক্ষরে সম্পূর্ণ করতে হবে, এবং উপযুক্ত বাক্সে যেগুলি প্রযোজ্য, টিক (✓) চিহ্ন দিতে হবে।

আপনার আবেদনের একটি কপি বাড়িওলাকে পাঠানো হবে।

1. ভাড়াটিয়ার বিষয়ে বিশদ বিবরণ

অনুগ্রহ করে আপনার নাম ও যোগাযোগের বিবরণ দিন যে বিষয়ে এই বিভাগে অনুরোধ করা হয়েছে।

আপনার টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা দেবার প্রয়োজন নেই, কিন্তু দেবার জন্য আপনাকে পরামর্শ দেওয়া হচ্ছে। এই তথ্যটির সাহায্যে আমরা খুব কম সময়ের মধ্যে আপনার সাথে যোগাযোগ করতে পারব, যদি সেরকম প্রয়োজন হয়।

2. আপনার আবেদন সম্পূর্ণ করতে সাহায্যকারী প্রতিনিধির বিষয়ে বিশদ বিবরণ

আপনি নিজেই নিজের কেসটি নিয়ে কথাবার্তা বলতে পারেন বা আপনি কাউকে আপনার প্রতিনিধিত্ব করতে বলতে পারেন। কিন্তু, অনুগ্রহ করে মনে রাখবেন, প্রতিনিধিত্ব করার জন্য আপনি যদি কাউকে অর্থ দেন, আপনার আবেদন সফল হলেও আপনি সেই খরচের দাবী করতে পারবেন না।

যদি আপনি চান আপনার আবেদনে কোনো তৃতীয় পক্ষ আপনার প্রতিনিধিত্ব করুক, তাহলে অনুগ্রহ করে সেই ব্যক্তির বিষয়ে বিশদ বিবরণ দেবেন যে আপনার পক্ষ নিয়ে কাজ করবে।

2.g এই প্রশ্নে যদি আপনি "হ্যাঁ" চিহ্ন দেন তাহলে পরবর্তী সমস্ত চিঠিপত্র তথ্যাদি প্রতিনিধির কাছে পাঠানো হবে যার নাম আপনি দিয়েছেন, আপনার কাছে নয়। যদি আপনি না চান যে তাই হোক, আপনার "না" টিক (✓) চিহ্ন দেওয়া উচিত।

যদি কোনো সময়ে আপনি চান যে আপনার প্রতিনিধিত্ব কেউ না করুক বা আপনার প্রতিনিধি বদলাতে চান, তাহলে অবিলম্ব আপনার নতুন প্রতিনিধির নাম ও ঠিকানা লিখিতভাবে আমাদের জানাবেন। আপনি আপনার বাড়িওলাকেও এ বিষয়টি জানাবেন। আপনার কাছ থেকে জ্ঞাতব্য তথ্য পাবার পর, আমরা ভবিষ্যতের সমস্ত পত্রবিনিময় সরাসরি আপনার সাথে করব বা যদি আপনার নতুন প্রতিনিধি হয় তার সাথে করব।

3. আপনার বাড়িওলার বিষয়ে বিশদ বিবরণ

এই বিভাগে আপনার বাড়িওলা সম্পর্কে আমাদের যতটা তথ্য দিতে পারেন, ততটাই দিন।

3b. যদি আপনি আপনার বাড়িওলার নাম না জানেন কারণ আপনি কোনো ভাড়া দেবার এজেন্সি মারফৎ বা অন্য তৃতীয় পক্ষ মারফৎ বাড়ি নিয়েছেন, তাহলে সেই এজেন্সি বা তৃতীয় পক্ষের নাম ও ঠিকানা দিন।

4. আপনার অভিযোগের বিশদ বিবরণ

prhp আপনার আবেদন গ্রহণ করবে না যদি না আপনি আপনার বাড়িওলাকে আগে থেকে জানিয়ে থাকেন যে সেই কাজটি করানোর দরকার যার কথা আবেদনে নির্দিষ্টভাবে বলা হয়েছে। মেরামতির মাপকাঠি পূরণে বাড়িওলার দায়িত্ব সেক্ষেত্রেই প্রযোজ্য হবে যেক্ষেত্রে বাড়িওলার আগে থেকেই জানা থাকবে যে কাজটা করা দরকার। **prhp**-এর কাছে আবেদন করার আগে আপনি **অবশ্যই** বাড়িওলাকে আগে থেকে জানাবেন যে আবেদনে যে কাজের কথা বলা হয়েছে তা করানোর দরকার।

4a. আপনার লীজ, ভাড়াটিয়া চুক্তি বা রেন্ট বই-এর একটি কপি দেবেন। যতক্ষণ না কোনো চূড়ান্ত সিদ্ধান্তে পৌঁছনো হচ্ছে, আমরা এই ডকুমেন্টগুলি রেখে দেব। আপনার কেসটি শেষ হলে এগুলি আপনাকে ফেরত দেওয়া হবে। যদি আপনি এই সব ডকুমেন্ট দিতে না পারেন তাহলে আলাদা কাগজে আপনার ভাড়াটিয়া অবস্থার বিষয়ে যতখানি তথ্য দিতে পারেন দিন। কাগজের ওপরের দিকে আপনার নাম ও ঠিকানা লিখে দেবেন, যাতে পরিষ্কার বোঝা যায় যে এটি আপনার আবেদনেরই অঙ্গ।

4b. আবেদন জমা করার সময়, আপনাকে প্রমাণ দিয়ে দেখাতে হবে যে আপনি বাড়িওলাকে আগে থেকে জানিয়েছেন যে আবেদনে যে কাজের কথা বলা হয়েছে তা করার দরকার। এটা মেরামতির বিষয় নিয়ে আপনার ও আপনার বাড়িওলার মধ্যে পত্র বিনিময়ের একটি কপি হতে পারে। বাড়িওলাকে চিঠি লেখার সময়, চিঠির একটি কপি রাখা ও **রেকর্ডেড ডেলিভারী** ডাকে চিঠিটি পাঠানো ভালো প্রস্তাব। তখন আপনি আপনার চিঠির কপি ও রেকর্ডেড ডেলিভারী সার্টিফিকেট আগে থেকে জানানোর প্রমাণস্বরূপ দিতে পারেন।

দায়িত্ব পালন করার জন্য, যুক্তিসম্মত সময়ের মধ্যে বাড়িওলা দরকারী কাজ অবশ্যই করাবেন। 'যুক্তিসম্মত সময়' বলতে কি বোঝায় তা নির্ভর করবে কি ধরণের কাজ করানোর দরকার তার ওপর।

4c. আপনার মেরামতির বিষয়টি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করে এরকম বাক্সে বা বাক্সগুলিতে টিক (✓) চিহ্ন দিন। যতগুলিতে প্রযোজ্য সবগুলিতেই আপনি টিকচিহ্ন দিতে পারেন। যে জায়গা দেওয়া আছে তাতে আপনি বিশদ বিবরণ দিয়ে বলবেন কিভাবে আপনার বাড়িওলা মেরামতির মাপকাঠি পূরণে ব্যর্থ হয়েছে। যদি দরকার হয়, আপনি আলাদা কাগজে লেখা সম্পূর্ণ করতে পারেন। যদি তাই করেন, আপনার নাম ও ঠিকানা কাগজের ওপরের দিকে লিখবেন যাতে পরিষ্কার বোঝা যায় এটা আপনার আবেদনেরই অঙ্গ।

5. কি ধরণের কাজের দরকার ছিল।

5-এর বিভাগে আমাদের বলুন আপনার মতে কি ধরণের কাজের দরকার যার দ্বারা আপনার বাড়ি মেরামতির মাপকাঠির উপযুক্ত হয়, যতটা সম্ভব বিশদ বিবরণ দিতে পারেন, তা দিয়ে। সমস্যাটি কতটা ব্যাপক সে বিষয়ে বিস্তারিত বিবরণ দিন এবং আমাদের বলুন এর ফলে আপনার বাসযোগ্যতার ওপর কতটা প্রভাব পড়ছে। যদি সমস্যাটি আপনার স্বাস্থ্যের ক্ষতি করে, তাহলে সেকথাও আমাদের জানাবেন, এবং, সম্ভব হলে সে বিষয়ের কোনো প্রমাণও দেবেন যেমন, আপনার জিপি (GP)-র কাছ থেকে চিঠি।

6. মধ্যস্থতা

prhc-র (একটি কমিটি) কাছে কেসটি রেফার করাতে দেরী করার ক্ষমতা সভাপতির আছে, যেখানে "পক্ষগুলির নিজেদের মধ্যে বিবাদ বিসংবাদ মিটিয়ে নেবার যথেষ্ট সম্ভাবনা আছে"। এটা উপযুক্ত হতে পারে, যদি উদাহরণস্বরূপ, মনে হয় যে একটা সাধারণ ভুলবোঝাবুঝি হয়েছে যা মিটিয়ে নেওয়া যায়।

prhp মধ্যস্থতার বিকল্পও দেবে। ঘরোয়াভাবে বিবাদ মিটিয়ে নেবার একটা উপায় হল মধ্যস্থতা, যাতে প্রশিক্ষণপ্রাপ্ত শান্তিসংস্থাপকের সাহায্যে উভয় পক্ষেরই মনোমত কোনো চুক্তিতে পৌঁছনোর সুযোগ মেলে। মধ্যস্থতা হবে ব্যবহারিক, গোপনীয়, শীঘ্র ও বিনামূল্যের। অনেক লোক বিবাদ নিষ্পত্তির জন্য মধ্যস্থতাকে মামলা মকদ্দমার শুনানীর চেয়ে কম ঝামেলার বলে মনে করে। মধ্যস্থতার বিষয়ে **prhp** নির্দেশিকা সময় হাতে নিয়ে পড়ুন যেটিতে এই পদ্ধতির সম্বন্ধে বিশদভাবে বলা আছে। যদি আপনি ইঙ্গিত করেন যে আপনি মধ্যস্থতায় উপস্থিত থাকতে চান আমরা আপনার বাড়িওলার সঙ্গে যোগাযোগ করে জিজ্ঞেস করব তার এতে মত আছে কি না। যদি দুপক্ষেরই মত থাকে তাহলেই মধ্যস্থতা করা যেতে পারে।

যদি মধ্যস্থতা করা হয়, কিন্তু তাতে সমস্যার সমাধান না হয়, আবেদনটি একটি কমিটির কাছে পাঠানো হবে, যেন মধ্যস্থতা করা হয়ই নি।

7. স্বাক্ষর

বিভাগ 4-এ অনুরোধ করা দলিল মনে করে সংলগ্ন করে অনুগ্রহ করে ঘোষণাপত্রটি নির্দেশানুসারে সম্পূর্ণ করুন। বাক্সেতে টিক (✓) চিহ্ন দিয়ে ইঙ্গিত করুন যে আপনার আবেদনের সঙ্গে এই তথ্যটি আপনি দিয়েছেন।